৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে গ্রাম সমাজের যে বিবর্তন দেখানো হয়েছে তা নিজের ভাষায় লেখো।

খ) 'মায়ামৃদঙ্গ' উপন্যাসের নামকরণের সার্থকতা পর্যালোচনা করো।

গ) 'মায়ামৃদঙ্গ' উপন্যাসের গান সম্পর্কে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ লেখো।

ঘ) 'ইছামতী' উপন্যাস অবলম্বনে গ্রামবাংলার নীলকর সাহেব এবং দেওয়ানদের অত্যাচারের বিষয়টি সংক্ষেপে লেখো।

----------





# ২০২৪

# বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGH-CC-T-11

(বাংলা উপন্যাস)

[পুরাতন পাঠক্রম]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসটির প্রকাশকাল উল্লেখ করো। গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছিল?

খ) উপন্যাসের বর্ণনা অনুযায়ী হাঁসুলী বাঁকের ভৌগোলিক অবস্থান উল্লেখ কর।

গ) 'এর তরে আমি পূজো দেব পিসি, আলাদা পাঁঠা মানত করেছি।' — বক্তা কে? কোন পূজোর কথা বলেছেন তিনি? কেন মানত করেছেন তিনি?

ঘ) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসের দৃশ্যপট কোথায় কোথায়?

ঙ) 'এই জন্যেই ওর নাম এ অঞ্চলে গয়ামেম' — এই গয়ামেম এর পরিচয় দাও।

চ) 'ইছামতী' উপন্যাসটি কবে কোথা থেকে প্রকাশিত হয়? এই উপন্যাসের জন্য লেখককে কোন্ পুরস্কারে ভূষিত করা হয়?

ছ) 'ওস্তাদ একটু হাসে।— না রে ভাই । কই, দেখি বায়না পত্রটা' — ওস্তাদ কে? কিসের বায়নাপত্রের কথা বলা হয়েছে?

জ) 'আমি ভাঙা দালান, ওরা বটের চারা। আমার বুক ফাটিয়ে একদিন মাথা তুলবে আকাশে উঁচুতে।' — উক্তিটি কার? কোন প্রসঙ্গে তিনি এই উক্তি করেছেন?

ঝ) শিপটন সাহেব এবং শ্যামচাঁদ এর পরিচয় দাও।

ঞ) 'পরদিন ভবানী বাঁড়ুজ্যের সঙ্গে শুভ গোধুলি লগ্নে তিন বোনেরই একসঙ্গে বিয়ে হয়ে গেল।' — ভবানী বাঁড়ুজ্যে কে? তিনবোনের নাম ও পরিচয় কী?

ট) 'নবুগাজি এসে রাজারামের পা দুটো জড়িয়ে ধরলে' — নবু গাজি এবং রাজারাম কে? কেনই বা নবুগাজি রাজারামের পা জড়িয়ে ধরলেন?

ঠ) 'সে এক অমর্ত্য মায়া' তাকে নিয়েই দেশে দেশে মৃদঙ্গ বাজে।'— কোন প্রসঙ্গে লেখক এমন মন্তব্য করেছেন?



ড) 'মায়ামৃদঙ্গ' উপন্যাসে কোন লোকগানের প্রসঙ্গ রয়েছে? এই লোকগানের ভৌগোলিক বিস্তৃতি উল্লেখ করো।

ঢ) 'যারা পুরুষ— তবু পুরুষ নয়, নারী— তবু নারী নয়' — কোন উপন্যাসের ছত্র এটি? কাদের সম্পর্কে লেখকের এই মন্তব্য? এদের নিয়ে লেখা বাংলা সাহিত্যের আরেকটি উপন্যাসের নাম লেখো।

ণ) 'ওই সুচাঁদ এবং আমি বসে গল্প করেছি আর বিড়ি টেনেছি।' — কে কোন প্রসঙ্গে কোথায় এই মন্তব্য করেছেন? সুচাঁদ এর পরিচয় দাও।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'ইছামতী' উপন্যাসের পটভূমি ও সময়কাল সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

খ) 'মায়ামৃদঙ্গ' একটি ডকুমেন্টারি উপন্যাস — এ বিষয়ে তোমার অভিমত লেখো।

গ) 'মায়ামৃদঙ্গ' উপন্যাসে ঝাঁকসা চরিত্রটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

ঘ) 'ইছামতী' উপন্যাসের রাজারাম চরিত্রটির একটি সংক্ষিপ্ত মূল্যায়ন করো।

ঙ) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে কাহারদের জীবন যাপন সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

চ) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে কাহারদের মাতব্বর হিসেবে বনওয়ারী চরিত্রটি বিশ্লেষণ করো।